দৈনিক সংবাদ

তারিখ 27 SEP 1992

# প্রাথমিক শিক্ষক নিয়োগ ॥ স্থগিত পরীক্ষা শিগ্গিরই হতে পারে

## মহিলারা নতুন করে আবেদন করতে পারবে

॥ রেজা রায়হান ॥

নিয়োগ বিধির অসঙ্গতি দূর করার পর মহিলাদের নতুন করে আবেদনের সুযোগ দিয়ে প্রাথমিক শিক্ষক নিয়োগের স্থগিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। এ পরীক্ষা নভেম্বর-ডিসেম্বর নাগাদ অনুষ্ঠিত হবে বলে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর আশা করছে। নিয়োগ বিধির প্রস্তাবিত সংশোধনী সরকারী কর্ম কমিশনের (পিএসসি) অনুমোদন পেলে এসএসসিতে দ্বিতীয় বিভাগ না পেয়েও এইচএসসিতে দ্বিতীয় বিভাগপ্রাপ্ত মহিলারা প্রাথমিক শিক্ষক নিযুক্ত হবার যোগ্য হবেন।

সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক এবং সহকারী শিক্ষক নিয়োগের জন্য গত এপ্রিলে আবেদনপত্র চাওয়া হয়। এতে সহকারী শিক্ষক নিয়োগে মহিলাদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা চাওয়া হয় এসএসসিতে দ্বিতীয় বিভাগ। কিন্তু এসএসসিতে দ্বিতীয় বিভাগ না পেয়েও অনেক মহিলা এইচএসসিতে দ্বিতীয় বিভাগ পেয়েছেন। নিয়োগ বিধির অসঙ্গতির কারণে উচ্চতর শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন এসব মহিলার আবেদন করার সুযোগ ছিল না। এমনকি যারা আবেদন করেছেন তাদের আবেদনও জেলা পর্যায়ে গঠিত বাছাই কমিটি বাতিল করে দিয়েছে। ২ লাখ ৭৪ হাজার ৮শ' ১৯ জন আবেদন-কারীর

শিক্ষক ঃ পৃঃ ১২ কঃ ৪

### শিক্ষক ঃ স্থগিত পরীক্ষা অনুষ্ঠানের সম্ভাবনা

(১ম পৃষ্ঠার পর)

মধ্যে বাছাইয়ে বাদ পড়া ৬০ হাজার ৫শ' ১১ জনের মধ্যে বেশিরভাগই মহিলা এবং এরা নিয়োগ বিধির অসঙ্গতির জন্যই বাদ পড়েন।

এ অসঙ্গতি নিয়েই প্রাথমিক শিক্ষা অধিদপ্তর জুলাইয়ে প্রাথমিক শিক্ষক নিয়োগের জন্য পরীক্ষা গ্রহণের তারিখ ঘোষণা করে এবং বৈধ বিবেচিত ২ লাখ ১৪ হাজার ৩শ' ৮ জন আবেদনকারীর ঠিকানায় নিয়োগ পরীক্ষার প্রবেশপত্র পাঠায়। কিন্তু নিয়োগ বিধির গুরুতর অসঙ্গতি শীর্ষ পর্যায়কে অবহিত করা হলে জুলাইয়ের পরীক্ষা স্থগিত করা হয়।

এর পরপরই শিক্ষা মন্ত্রণালয় 'রিক্রুটমেন্ট রুল্স ফর প্রাইমারি টিচার্স' সংশোধনের প্রস্তাব সংস্থাপন মন্ত্রণালয়ে পাঠায়। ঐ প্রস্তাব অনুমোদিত হবার পর তা এ সম্পর্কিত সচিব কমিটিও অনুমোদন করে। অবশেষে গত সপ্তাহে নিয়োগ বিধি চূড়ান্ত সংশোধনের জন্য পিএসসি'র কাছে পাঠানো হয়েছে। পিএসসি'র অনুমোদন পাবার পর এসএসসিতে দ্বিতীয় বিভাগ না পাওয়া মহিলারা এইচএসসিতে দ্বিতীয় বিভাগ পেলেও নতুন করে প্রাথমিক শিক্ষক নিযুক্তির জন্য আবেদন করার সুযোগ পাবেন। ইতিপূর্বে পরীক্ষার প্রবেশপত্র পাওয়া আবেদনকারীদের নতুন করে আবেদন করতে হবে না। অতঃপর সকল আবেদনকারীর নিয়োগ পরীক্ষা নভেম্বর অথবা ডিসেম্বরে অনুষ্ঠিত হবে।